

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রকল্প পরিচালকের কার্যালয়

পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (বিপণন অংশ)

কৃষি বিপণন অধিদপ্তর, বাগেরহাট

স্মারক নং- ১২.০২.৪০০১.৫৩৫.১১.০০১.১৪.৩৬ তারিখঃ ১৩.০২.২০১৪

### পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

কৃষি মন্ত্রণালয়ের কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন (বিপণন অংশ) প্রকল্পের নিম্নবর্ণিত শূন্য পদে সাকুল্য বেতনে প্রকল্প মেয়াদের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশী প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম	পদের সংখ্যা	যোগ্যতা	গ্রেড/বেতন স্কেল/সাকুল্য	বয়সসীমা
একাউন্টস অফিসার	০১ (এক)	ব্যবসায় প্রশাসনে দ্বিতীয় শ্রেণীর অনার্স ডিগ্রিসহ বাণিজ্যে দ্বিতীয় শ্রেণীর মাস্টার্স এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে	গ্রেড-১০ (৮,০০০-১৬,৫৪০/-) সাকুল্য-১২৩০০/-	অনুর্ধ্ব ৩৫ বছর

**শর্তাবলী**

- আবেদনকারীকে সাদা কাগজে “প্রকল্প পরিচালক, পিরোজপুর- গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (বিপণন অংশ), কৃষি বিপণন অধিদপ্তর”, ১নং ট্রান্স রোড, পূর্ব দশরী, বাগেরহাট বরাবরে দরখাস্ত করতে হবে।
- দরখাস্তে আবেদনকারীর পূর্ণ জীবন-বৃত্তান্ত যথাঃ নাম, পিতা ও মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, বয়স (১লা জুলাই/২০১৩খ্রিঃ), ধর্ম, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার নাম পাসের সন, বিভাগ উল্লেখসহ) ও অভিজ্ঞতা, মোবাইল ফোন নম্বর, বিশেষ কোটা (যদি থাকে) ইত্যাদি উল্লেখ করতে হবে। খামের উপর প্রার্থীর পদের নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।
- দরখাস্তের সাথে যেসব কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ
  - শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদপত্রের ফটোকপি ১ম শ্রেণীর গেজেটেড অফিসার (নামসহ সিল) কর্তৃক সত্যায়িত কপি।
  - ১ম শ্রেণীর গেজেটেড অফিসার/ইউপি চেয়ারম্যান/পৌর মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর নিকট থেকে চরিত্রগত সনদপত্র।
  - সম্পত্তি তোলা পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি ছবি (১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত)।
  - সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র/জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
- ০১ জুলাই, ২০১৩খ্রিঃ তারিখে বয়স নির্ধারণ করা হবে। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এক্সিডেন্ট গ্রহণযোগ্য হবে না।
- চাকুরীতর প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত পেশ করতে হবে।
- মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে প্রার্থীর পিতা-মাতা/পিতা-মাতার পিতা-মাতার অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি।
- মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যা প্রার্থী হলে “প্রার্থী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যা” এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি।
- দরখাস্ত আগামী ১৩/০৩/২০১৪খ্রিঃ তারিখের মধ্যে ডাকযোগে অফিস চলাকালীন সময়ে প্রকল্প অফিস ঠিকানায় পৌছাতে হবে।
- পত্র যোগাযোগের ঠিকানা সম্বলিত ১০ (দশ) টাকা মূল্যের ডাকটিকেটযুক্ত ৯"X৪" সাইজের ফেরত খাম দরখাস্তের সঙ্গে সংযুক্ত করতে হবে।
- প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাইয়ের পর উপযুক্ত প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।
- মৌখিক পরীক্ষায় যাবতীয় সার্টিফিকেট/সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।
- নিয়োগের ক্ষেত্রে যাবতীয় সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে।
- উক্ত নিয়োগের ব্যাপারে নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- দাপ্তরিক যোগাযোগঃ ০১৭২৬২৯৪০৮০

প্রণব কুমার রায়  
প্রকল্প পরিচালক

জিডি-৭৩১